অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/26/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুউমো মনরো কাউন্টিতে 68 মিলিয়ন মার্কিন ডলারের I-390/I-490 আন্তপরিবর্তন প্রকল্পের ধাপ দুই-এর মূল নির্মাণ সম্পন্নের ঘোষণা দিলেন

চলমান প্রকল্পের দ্বিতীয় ধাপে খাল-থিমযুক্ত চিত্রের বৈশিষ্ট্য সহ I-390-র পাশপাশি লেয়েল অ্যাভিনিউতে (Lyell Avenue) নতুন র‍্যাম্প, ট্রলি বুলেভার্ড ব্রিজের (Trolley Boulevard Bridge) প্রতিস্থাপন, খাল সেতুর পুনর্বাসন এবং কংক্রিট সাউন্ড বাধা স্থাপনের অন্তর্ভুক্ত ছিল

কমিউনিটিগুলিকে পুনরুজ্জীবিত করতে এবং অর্থনীতিকে বাড়াতে এই অঞ্চলের বিস্তৃত কৌশল - "ফিঙ্গার লেকস ফরোয়ার্ড" (Finger Lakes Forward) এর সম্পূরক এই বিনিয়োগ

গভর্নর অ্যান্ড্রু এম. কুউমো আজ গেটস, মনরো কাউন্টির 68 মিলিয়ন মার্কিন ডলারের গুরুত্বপূর্ণ নির্মাণ কাজের চলমান I-390/I-490/রুট 31 ইন্টারচেঞ্জ উন্নয়ন প্রকল্পের দ্বিতীয় দফার সম্পন্নের ঘোষণা দিয়েছেন। এই বছর নির্মাণ কাজের মধ্যে ছিল এরি খালের উপর দিয়ে রুট 390 বহনকারী কাঠামোগুলো পুনর্বাসন করা, লাইল অ্যাভিনিউ (রুট 31) থেকে রুট 390 উত্তরে নতুন র‍্যাম্প তৈরি করা এবং মোড় বরাবর ট্র্যাভেল লেন প্রশস্ত ও পেভিং করা। উপরন্তু, স্টেটের পরিবহন ব্যবস্থায় এরি খালের ভূমিকার ঐতিহাসিক চিত্রের বৈশিষ্ট্যযুক্ত নতুন কংক্রিট শব্দ বাধা ইনস্টল করা হয়েছিল।

"নিউ ইয়র্ক স্টেট রচেস্টার এবং আপস্টেট জুড়ে স্মার্ট অবকাঠামোগত বিনিয়োগ অব্যাহত রেখেছে, যা অর্থনৈতিক ক্রিয়াকলাপকে তরান্বিত করে এবং আমাদের পরিবহন ব্যবস্থায় নিরাপদ ও নির্ভরযোগ্য প্রবেশাধিকার প্রদান করছে," **গভর্নর কুওমো বলেন**। "সম্পন্ন হলে, এই সম্পূর্ণ I-390/I-490 প্রকল্প মনরো কাউন্টির জন্য একটি যুগান্তকারী ঘটনা হবে এবং ফিঙ্গার লেক উদ্যোগের প্রচন্ড গতিশীলতাকে ধারাবাহিক রাখবে।"

মাল্টি-ফেজ প্রকল্পটি কৌশলগতভাবে রুট 31, রুট 390 এবং মনরো কাউন্টিতে I-390/I-490 ইন্টারচেঞ্জের মাধ্যমে ট্র্যাফিক প্রবাহ অ্যাক্সেস সহজ করতে এবং উন্নত করার লক্ষ্যে অবকাঠামোগত বিনিয়োগের সিরিজের একটি অংশ। এটি প্রায় 200,000 মোটর চালকদের গ্রেটার রচেষ্টার আন্তর্জাতিক বিমানবন্দর - যেটি 2018 সালের শেষের দিকে 80 মিলিয়ন মার্কিন ডলারের রূপান্তর সম্পন্ন করেছে - রচেষ্টার প্রযুক্তি পার্ক, ইস্টার্ন ব্যবসা পার্ক এবং ডাউনটাউন রচেষ্টারের মত অর্থনৈতিক কর্মকান্ডের কেন্দ্রগুলোতে সংযুক্ত করার জন্য একটি গুরুত্বপূর্ণ করিডোর।

গত সেপ্টেম্বরে গভর্নর কুয়েমো 2016 সালে শুরু হওয়া চলমান I-390/I-490 ইন্টরচেঞ্জ প্রকল্পের ফেজ I শেষ করর ঘোষণা দেন। সেই সময় থেকে, "ট্রলি বুলেভার্ড" এর উপর দিয়ে 390 রুটের বহনকারী নতুন সেতুটিও দ্বিতীয় ধাপের অংশ হিসাবে সম্পূর্ণ হয়েছিল এবং সেতুর নীচে রাস্তাটি নির্মাণ চলাকালে বর্ধিত সময়ের জন্য বন্ধ থাকার পর আবার চলাচলের জন্য উন্মুক্ত করা হয়েছিল। 2018 এর নির্মাণ কার্যক্রমের মধ্যে লাইল অ্যাভিনিউতে গমনের জন্য, I-390 এবং I-490 থেকে দুটি নতুন র‍্যাম্প নির্মাণও অন্তর্ভুক্ত ছিল, যা ইন্টারচেঞ্জে গতিশীলতা বৃদ্ধি করে।

প্রকল্পের এই অংশটি ভ্রমণকারী জনগণের উপর নির্মাণের প্রভাব হ্রাস করার লক্ষ্যে, গভর্নর কুওমোর ড্রাইভারদের প্রথম উদ্যোগ (Drivers' First Initiative) মাথায় রেখে নির্মিত হয়েছিল। 2019 এর নির্মাণ মৌসুমে এরি খালের উপর দিয়ে 390 রুট বহনকারী সেতুগুলিতে লেন শিফট ব্যবহার করে 390 রুটের রাস্তা ধরে গাড়ি চালকদের প্রতিটি যানবাহনের দুটি লেনে অ্যাক্সেস ছিল।

এরি খালের উপর দিয়ে রুট 390 বহন করা দুটি সেতু উল্লেখযোগ্যভাবে গত গ্রীষ্মে পুনর্বাসনের ব্যবস্থা করা হয়েছিল, যার মধ্যে নতুন ফাসিয়া গিরিডার, বিয়ারিং এবং একটি পূর্ণ ডেক প্রতিস্থাপন অন্তর্ভুক্ত। উত্তরমুখী সেতুটিকে আরও প্রশস্ত করা হয়েছিল এবং বিদ্যমান অ্যাবুটমেন্ট (Abutment) এবং পার্শ্বস্থদেয়ালের মেরামত করা হয়েছিল। উভয় সেতুর কাঠামোর ইস্পাতে মরিচা-প্রতিরোধী পেইন্টের একটি নতুন প্রলেপ দেয়া হয়েছে।

পরিবহন বিভাগের (Department of Transportation, DOT) ভারপ্রাপ্ত কমিশনার মারি থেরেস ডমিংগেজ বলেন, "এই রূপান্তর প্রকল্প ভ্রমণরত জনসাধারণের নিরাপত্তা নিশ্চিত করতে এবং মনরো কাউন্টিতে যাত্রীদের চলাফেরার উন্নতি করতে সহায়তা করবে। ঠিক তেমনিভাবে গুরুত্বপূর্ণ, এই প্রকল্পটি উচ্চশিক্ষা এবং বিশ্বমানের ব্যবসায়ের জন্য একটি বড় করিডোরের অংশ যার উপরে কয়েক হাজার মানুষ প্রতিদিন নির্ভর করে। সত্যিকারভাবে একটি সম্প্রদায়কে সংযুক্ত করা পরিবহন এই উদ্দীপনাপূর্ণ প্রকল্পের অংশ হতে পেরে দপ্তর (DOT) আনন্দিত এবং আমরা নির্মাণ পরবর্তী ধাপগুলির শুরু দেখার অপেক্ষায় রয়েছি।"

কংগ্রেসম্যান জো মরেল বলেছেন, "আমাদের পরিবহন অবকাঠামো উন্নয়ন আমাদের আঞ্চলিক অর্থনীতির প্রবৃদ্ধি ও সফলতার জন্য অপরিহার্য। গেটসের I-390/I-490 ইন্টারচেঞ্জে করা আপডেটগুলো গাড়িচালকদের গমনযোগ্যতা বৃদ্ধি করবে, বিলম্ব হ্রাস করবে এবং ভ্রমণের জন্য নিরাপদ পরিবেশ তৈরি করবে। গভর্নর কুওমো এবং নিউ ইয়র্ক স্টেটের পরিবহণ দপ্তরের কাছে এই বিষয়ে দীর্ঘমেয়াদী ও মনরো কাউন্টির ভবিষ্যতকে আরও শক্তিশালী করার উদ্দেশ্যে নিবেদিতপ্রান কাজের জন্য আমি কৃতজ্ঞ।"

সিনেটর জোসেফ ই. রোবাক বলেন, "আমাদের অঞ্চলের সর্বাধিক ব্যবহৃত ইন্টারচেঞ্জ হিসেবে, I-390/490 উন্নয়ন প্রকল্প মনরো কাউন্টিতে ড্রাইভার এবং যাত্রীদের সুরক্ষার জন্য গুরুতর অত্যন্ত গুরুত্বপুর্ণ ছিল। প্রায় প্রতিদিন এই ইন্টারচেঞ্জটি ব্যবহার করা একজন হিসেবে, প্রকল্পটির সমাপ্তি এবং এই ইন্টারচেঞ্জটির উন্নত কার্যকারিতা দেখে আমি সন্তুষ্ট।"

অ্যাসেম্বলিব্যক্তিত্ব ডেভিড এফ. ন্যাট বলেন, "অবকাঠামো বিনিয়োগে তার অব্যাহত মনোযোগের জন্য আমি গভর্নর কুয়েমো কে সাধুবাদ জানাই। দ্বিতীয় পর্বের সমাপ্তি এই গুরুত্বপূর্ণ করিডোরের গমনযোগ্যতা সহজতর করবে এবং ট্রাফিক প্রবাহকে উন্নত করবে।"

মনরো কাউন্টি এক্সিকিউটিভ শেরিল ডিনল্ফো বলেন, "এই প্রকল্পটি 390/490 ইন্টারচেঞ্জের একটি বড়সড় উন্নতির প্রতিনিধিত্ব করে। কাজ, স্কুল বা অন্যান্য কর্মকান্ডের উদ্দেশ্যে হাজার হাজার বাসিন্দা প্রতিদিন এই সংযোগস্থল ব্যবহার করেন এবং স্টেট মনরো কাউন্টিতে গুরুত্বপূর্ণ সংস্থান বিনিয়োগ করেছে দেখে আমরা আনন্দিত।"

গেটস টাউন সুপারভাইজার কসমো আ. গিনতা বলেন, "আমি উদ্বিগ্ন এবং কৃতজ্ঞ যে আমার শহরে এই প্রকল্পটি শেষ অবধি সম্পূর্ণ হয়েছে এবং ঐতিহাসিক চিত্রের পাশাপাশি নতুন সেতু, রাস্তাঘাট, কংক্রিটের তৈরি শব্দ বাধাগুলোর বিষয়ে আমার বাসিন্দা এবং ব্যবসায়ীদের কাছ থেকে অনেক প্রশংসা শুনেছি যা আমার শহরকে সুন্দর করতে সহায়তা করে বলে মনে করি। ধন্যবাদ, গভর্নর কুউমো।"

ইন্টারচেঞ্জ ধরে নতুন গাইডরেইল এবং আলো বসানোর মত ছোটোখাটো ফিনিশিং এর কাজগুলো চলবে।

এই প্রকল্পের পরবর্তী পর্যায়ের বিস্তারিত তথ্য 2020-এর প্রথমদিকে সামনের জনসভাগুলোতে শেয়ার করা হবে।

চলাচলের প্রকৃত-সময়ের তথ্যের জন্য, কল করুন 511 নম্বরে, পরিদর্শন করুন www.511NY.org ওয়েবসাইট, অথবা ডাউনলোড করুন ফ্রি 511NY অ্যাপ।

নিউ ইয়র্ক স্টেটের পরিবহণ দপ্তরকে টুইটারে অনুসরণ করুন @NYSDOT এবং @NYSDOTRochester-এ। ফেসবুকে আমাদের খুঁজে পাবেন facebook.com/NYSDOT।

ফিঙ্গার লেকস এর অগ্রগতি ত্বরান্বিতকরণ

আজকের ঘোষণা "ফিঙ্গার লেকস এর অগ্রগতি ত্বরান্বিতকরণ" এর সম্পূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি ও কমিউনিটি বিকাশের জন্য এই অঞ্চলের সমন্বিত রূপরেখা। স্টেট এ অঞ্চলে 2012 সাল থেকে এই পরিকল্পনার জন্য বুনিয়াদী কাজের পিছনে ইতোমধ্যেই 6.1 বিলিয়নের বেশি মার্কিন ডলার বিনিয়োগ করেছে - ফটোনিক্স, কৃষি ও খাদ্য উৎপাদন এবং আধুনিক নির্মাণ কার্যের মতো মূল শিল্প এই বিনিয়োগে অন্তর্ভুক্ত। বর্তমানে, মহামন্দার (Great Recession) পর থেকে বেকারত্ব কমে সবচেয়ে নিম্ন পর্যায়ে রয়েছে; ব্যক্তিগত ও কর্পোরেট আয়কর কমেছে এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলি বিকাশ ও বিনিয়োগের জন্য রোচেস্টার, বাটাভিয়া এবং কানানডাইগুয়ার মতো জায়গা বেছে নিচ্ছে।

বর্তমানে, উত্তরাঞ্চলের পুনরুজ্জীবিতিকরণ উদ্যোগের মাধ্যমে অঞ্চলটি 500 মিলিয়ন মার্কিন ডলারের অঙ্গরাজ্যের বিনিয়োগসহ ফিঙ্গার লেকস এর অগ্রগতি ত্বরান্বিত করছে যা গভর্নর কুওমো ডিসেম্বর 2015-এ ঘোষণা করেন। অঙ্গরাজ্যের এই 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ বেসরকারি খাতের ব্যবসায়ীদের 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করার জন্য উদ্দীপনা দেবে - এবং অঞ্চলের দাখিলকৃত পরিকল্পনা অনুযায়ী আশা করা হচ্ছে যে ৪,200 এর বেশি নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে। আরও তথ্য পাওয়া যাবে এখানে।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন